# RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date: 30.06.2024 Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবর –

১) দেশের প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড় বলেছেন, জামিনের জরুরী আবেদনের ক্ষেত্রে অনেক হাইকোর্টই প্রয়োজনীয় তৎপরতা দেখাচ্ছে না।

২) লোকসভা ভোটের জন্য তিন মাস বন্ধ থাকার পর আজ বেলা ১১ টায় শোনা যাবে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর মাসিক বেতার অনুষ্ঠান মন-কি-বাত।

৩) রাজ্যপাল সি ভি আনন্দ বোস, মৎস্যজীবীদের উন্নয়নের রূপরেখা নিয়ে কেন্দ্রীয় অর্থমন্ত্রীর কাছে পূর্ণাঙ্গ রিপোর্ট পেশ করেছেন।

৪) বিধাননগরের পোলেনাইট এলাকায় মোবাইল চোর সন্দেহে যুবককে পিটিয়ে খুনের ঘটনায় গ্রেপ্তার তিন।

৫) ভারত টি টোয়েন্টি বিশ্বকাপ ক্রিকেটে চ্যাম্পিয়ান হওয়ায় উৎসবে মেতেছে সাধারণ মানুষ।

---

জামিনের জরুরী আবেদনের ক্ষেত্রে অনেক হাইকোর্ট প্রয়োজনীয় তৎপরতা দেখাচ্ছে না বলে সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড় মন্তব্য করেছেন। কলকাতায় জাতীয় বিচারবিভাগীয় একাডেমির এক অনুষ্ঠানে গতকাল তিনি বলেন, এই মনোভাব বিচারব্যবস্থার কখনই আদর্শ হতে পারেনা। বিচারকরা মানুষের সেবক এবং

সমাজকে সঙ্গে নিয়ে সংবিধানের কথা মাথায় রেখে বিচার করতে হবে বলে প্রধান বিচারপতি জানিয়েছেন।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী বিচারব্যবস্থায় কোনো পক্ষপাত না রেখে বিচার করার জন্য শ্রী চন্দ্রচূড়কে অনুরোধ জানান। কোনো রাজনৈতিক পক্ষপাতিত্ব না রেখে গোপনীয়তার মাধ্যমে বিচার ব্যবস্থার পবিত্রতা রাখা উচিত বলে তিনি অভিমত প্রকাশ করেন।

শ্রীমতি ব্যানার্জী বলেন, আগামী দিনে উন্নয়ন এবং সাধারণ মানুষের জন্য তিনি নিজেই মামলা লড়বেন। রাজারহাটে কলকাতা হাইকোর্টের পৃথক ভবন নির্মাণের জন্য রাজ্য সরকার ৭০ একর জমি দিয়েছে বলে তিনি উল্লেখ করেন। অন্যদের মধ্যে কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি টি এস শিবজ্ঞানম, বিচারপতি দীপঙ্কর দত্ত, রাজেশ বিন্দাল প্রমুখ উপস্থিত ছিলেন।

------------------------

লোকসভা ভোটের জন্য তিন মাস বন্ধ থাকার পর আজ আবার শোনা যাবে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর মাসিক বেতার অনুষ্ঠান মন-কি-বাত।

প্রধানমন্ত্রী হিসাবে টানা তৃতীয়বার দায়িত্ব নেবার পর এটিই হবে তাঁর **প্রথম** মন-কি-বাত। মন-কি-বাতের এটি **১১১-তম** পর্ব।

বেলা **১১**-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেলে এবং আকাশবাণীর নিউজ অন এআইআর ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর ও তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইটে ও ইউটিউব চ্যানেলেও মন-কি-বাত সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

------------------------

রাজ্যপাল সিভি আনন্দ বোস, সংসদের অধিবেশনের আগে দিল্লিতে গতকাল কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমনের সঙ্গে বৈঠক করেছেন। কেন্দ্রীয় অর্থমন্ত্রীর বাসভবনে ওই বৈঠকে রাজ্যের মৎস্যজীবীদের উন্নয়ন, রাজ্যের আর্থিক শৃঙ্খলা রক্ষায় রাজ্যপালের ভূমিকা ইত্যাদি বিষয় নিয়ে আলোচনা হয়েছে বলে রাজভবনের তরফে এক বিবৃতিতে জানানো হয়েছে । রাজ্যপাল মৎস্যজীবীদের উন্নয়নের লক্ষ্যে তাঁর তৈরি করা একটি পূর্ণাঙ্গ রিপোর্টও কেন্দ্রীয় অর্থমন্ত্রীর হাতে তুলে দিয়েছেন। একইসঙ্গে অর্থমন্ত্রীকে শ্রী বোস জানিয়েছেন, "রাজ্যপাল বিকাশ কে দূত" কর্মসূচির আওতায় রাজ্যে চলা কেন্দ্রীয় প্রকল্প যাতে সঠিকভাবে রূপায়িত হয় সে ব্যাপারে তিনি নজরদারি চালাবেন। রাজ্যের আর্থিক পরিস্থিতি নিয়ে মুখ্যমন্ত্রীকে একটি শ্বেতপত্র প্রকাশেরও তিনি দাবি জানান।

------------------------

ত্রিস্তরীয় পঞ্চায়েত ব্যবস্থাকে দুর্নীতিমুক্ত করতে বদলি নীতি কঠোর ভাবে বলবত্ করার সিদ্ধান্ত হয়েছে। তিন বছরের বেশি কোনও কর্মীকে একই গ্রাম পঞ্চায়েত বা পঞ্চায়েত সমিতিতে না রাখার এই নীতি কঠোর ভাবে কার্যকর করার জন্য রাজ্য সরকার নির্দেশ দিয়েছে। পঞ্চায়েত দফতর সূত্রের খবর, যাঁরা এই মুহূর্তে তিন বছরের বেশি সময় ধরে গ্রাম পঞ্চায়েত বা পঞ্চায়েত সমিতিতে রয়েছেন, তাঁদেরকে অবিলম্বে বদলি করতে হবে। রাজ্য পঞ্চায়েত দফতরের এই নির্দেশিকা প্রত্যেকটি জেলায় পাঠানো হয়েছে।

------------------------

বউবাজারে ছাত্রাবাসে মোবাইল চোর সন্দেহে পিটিয়ে খুনের পরই এধরনের আরও একটি মর্মান্তিক ঘটনা ঘটেছে সল্টলেকের ইলেক্ট্রনিক্স থানা এলাকায় পোলেনাইটে। গতকাল ভোরে বিধাননগরের ঐ এলাকায় মোবাইল চোর সন্দেহে বেধড়ক মারধরের জেরে প্রসেন মন্ডল নামে বছর ২২-এর এক যুবকের মৃত্যু হয়। গুরুতর আহত অবস্থায় প্রথমে তাকে স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে যাওয়া হয়। অবস্থা সঙ্কটজনক হওয়ায় চিকিৎসকরা তাকে হাসাপাতালে রেফার করেন। সল্টলেকের একটি বেসরকারি হাসাপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা তাকে মৃত ঘোষণা করেন।

এদিকে, পুলিশ এই ঘটনায় তপন সরকার, হরষিত সরকার ও শ্রীদাম মন্ডল নামে তিনজনকে গ্রেপ্তার করেছে। পুলিশ প্রাথমিকভাবে জানিয়েছে, নিহত প্রসেনের বিরুদ্ধে এর আগে চুরির অভিযোগ থাকলেও এই ঘটনার সঙ্গে তার কোনো যোগসূত্র আছে কিনা, তা জানা যায়নি।

------------------------

অবৈধ ভাবে ভারতে আসা শরীফ মন্ডল ওরফে আলি নামে এক বাংলাদেশী নাগরিককে কোচবিহার থেকে গ্রেপ্তার করল রাজ্য পুলিশের এসটিএফ। জেরায় সে জানিয়েছে, ভারত অবৈধ কাজ করার জন্য উত্তরপূর্বের কোনও এক রাজ্য দিয়ে অনুপ্রবেশ করে। জন্মের ভুয়ো শাংসাপত্র ও স্কুল সার্টিফিকেট জোগাড় করে প্যান ও আধার বানায়। কোচবিহারের কোতোয়ালি থানায় মামলা রুজু করে পুলিশ তদন্ত শুরু করেছে। কোনও জঙ্গি সংগঠনের সঙ্গে তার যোগসাজশ আছে কিনা তা খতিয়ে দেখা হচ্ছে।

------------------------

নদীয়ার ঐতিহাসিক স্থানগুলি তীর্থযাত্রীদের কাছে আরও আকর্ষণীয় করে তুলতে ঢেলে সাজানোর উদ্যোগ নেওয়া হয়েছে। এ জন্য গতকাল ফুলিয়ায় কবি কৃত্তিবাস ওঝার জন্মস্থান, দিগনগরে ১৫৯১ শকাব্দের প্রাচীন রাঘবেশ্বর শিব মন্দির, শান্তিপুরের শ্যামচাঁদ মন্দির, বাবলার অদ্বৈত পাট, নবদ্বীপের স্বরূপগঞ্জ ঘাট ও ফুলিয়ার কৃত্তিবাস ঘাট ড্রোনের মাধ্যমে পর্যবেক্ষণ করা হয়। এই সব স্থানগুলির তথ্য সম্মিলিত করে উন্নয়নমূলক কাজের জন্য একটি রেকর্ড তৈরি করা হবে। রাণাঘাটের সাংসদ জগন্নাথ সরকার এদিন এই সব স্থানগুলি পরিদর্শন করেন।

------------------------

ওয়েস্ট বেঙ্গল ডক্টরস ফোরামের পক্ষ থেকে একটি প্রতিনিধি দল গতকাল চিকিৎসক অনির্বাণ দত্তের মৃত্যুর তদন্তের দাবিতে বহরমপুর যান। তাদের সঙ্গে ছিলেন আইনজীবী পার্থপ্রতিম বিশ্বাস। ফোরামের সদস্যরা প্রথমে লীলা হাসপাতালে যান। সেখানেই মৃত অনির্বাণকে প্রথম নিয়ে যাওয়া হয়েছিল। সেখানকার আধিকারিকদের সঙ্গে কথাবার্তার পর ফোরামের কয়েকজন সদস্য অনির্বাণের শ্বশুরবাড়িতে যান। এরপর তাঁরা ডেপুটি সিএমওএইচ ১- এর সঙ্গে কথা বলে ডেপুটেশন জমা দেন।

এরপর পুলিশ সুপারের অফিসে গিয়েও ডেপুটেশন দেওয়া হয়।

উল্লেখ্য, কোভিডের সময় গান গেয়ে খ্যাত মির্শিদাবাদ মেডিকেল কলেজের এই চিকিৎসক অতি সম্প্রতি প্রায়ত হন। তাঁর এই মৃত্যু স্বাভাবিক নয় বলে অনির্বাণের প্রথম স্ত্রী ও নিকটজনদের অভিযোগ।

------------------------

চারদিনের সিবিআই হেপাজত শেষে কয়লা কান্ডে ধৃত ইসিএলের প্রাক্তন আধিকারিক অমিত কুমার ধর, দুই কয়লা কারবারী সীমন্ত ঠাকুর এবং বিদ্যাসাগর দাসকে গতকাল ফের আসানসোল সিবিআই আদালতে পেশ করা হয়। তবে এদিন ধৃত তিনজনের আইনজীবী জামিনের কোনো আবেদন জানাননি। বিশেষ আদালতের বিচারক রাজেশ চক্রবর্তী তাদের বিচার বিভাগীয় হেপাজতে পাঠিয়ে আগামী তিন তারিখ ফের আদালতে পেশের নির্দেশ দিয়েছেন।

------------------------

বিদ্যুত সরবরাহ লাইনের কাজ করতে গিয়ে বিদ্যুতস্পৃষ্ট হয়ে গুরুতর আহত হলেন রাজ্য বিদ্যুৎ বন্টন কোম্পানির এক কর্মী। পুরুলিয়ার বলরামপুর শহরের বাসস্ট্যান্ড এলাকায় একটি বাড়িতে বিদ্যুত সংযোগের লাইন মেরামত করতে বিদ্যুত সরবরাহ খুঁটিতে ওঠেন বলরামপুর বিদ্যুৎ দপ্তরের কর্মী দুর্যোধন মাহাতো। কিছুক্ষণ বাদে বিদ্যুৎপৃষ্ট হয়ে খুঁটির তারের ফাঁসে আটকে তিনি ঝুলে পড়েন। স্থানীয় লোকজন, বিদ্যুৎ দপ্তরের কর্মী ও বলরামপুর থানার এক পুলিশ আধিকারিক সঙ্গে সঙ্গেই তাকে উদ্ধারের জন্য ঝাঁপিয়ে পড়েন। উদ্ধার করে তাঁকে প্রথমে স্থানীয় হাসপাতালে এবং সেখান থেকে পুরুলিয়া সদর হাসপাতালে নিয়ে যাওয়া হয়।

এদিকে, বলরামপুর বিদ্যুৎ দপ্তরের স্টেশন ম্যানেজার শিশির কুমার দাস জানান, উনি ব্যক্তিগতভাবে কাজ করতে গিয়েই ঘটনাটি ঘটিয়েছেন। এদিকে, বিদ্যুৎ দপ্তরের কোনও দায় নেই। স্থানীয় এক ব্যক্তির ইনভার্টার থেকে ব্যাক ফিড কারেন্ট আসায় বিদ্যুৎস্পৃষ্ট হওয়ার ঘটনাটি ঘটেছে। দপ্তরের তরফে ঘটনার বিষয়ে তদন্ত করা হবে বলে জানান তিনি।

------------------------

বঙ্গোপসাগরে নিম্নচাপের প্রভাবে আজও দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় বৃষ্টি হবে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে। গতকাল নিম্নচাপটি ওড়িশা-পশ্চিমবঙ্গ উপকূল সংলগ্ন উত্তর পশ্চিম বঙ্গোপসাগরে অবস্থান করছিল। এর জেরে আজ দুই বর্ধমান, মুর্শিদাবাদ এবং বীরভূমে ভারি বৃষ্টি হতে পারে।

কলকাতায় গতকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩১ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের চেয়ে এক দশমিক ৩ ডিগ্রি কম। আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২৭ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে শূন্য দশমিক ৩ ডিগ্রি বেশি।

আবহাওয়া দপ্তর থেকে সতর্কতা জারি করে বলা হয়েছে, উপকূল বরাবর ৪০ থেকে ৫০ কিলোমিটার প্রতি ঘন্টা বেগে ঝোড়ো হাওয়া বইতে পারে। সমুদ্র উত্তাল হয়ে ওঠার সম্ভাবনা রয়েছে। মৎস্যজীবীদের আজ সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে।

এদিকে, আজ উত্তরবঙ্গের আলিপুরদুয়ার, কোচবিহার, দার্জিলিং, জলপাইগুড়ি, কালিম্পং, উত্তর দিনাজপুর ও দক্ষিণ দিনাজপুরে বজ্র বিদ্যুত্ সহ হাল্কা থেকে মাঝারি বৃষ্টিপাত এবং ঝোড়ো হাওয়ার সম্ভাবনা রয়েছে।

------------------------

ভারত টোয়েন্টি বিশ্বকাপ চ্যাম্পিয়ান হওয়ায় উৎসবে মেতেছেন সাধারণ মানুষ। আমাদের ক্রীড়া প্রতিনিধির একটি প্রতেবিদন –

ভয়েসকাস্ট

------------------------ ----------------------